

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪২৪০
আগরতলা, ০৭ মার্চ, ২০১৭

বিভিন্ন দপ্তরে পদ সৃষ্টি ও শূন্যপদ
পূরণ করার সিদ্ধান্ত

আজ মন্ত্রিসভার বৈঠকে বিভিন্ন দপ্তরে পদ সৃষ্টি ও শূন্যপদ পূরণ করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। মন্ত্রিসভার বৈঠক শেষে তথ্য ও সংস্কৃতি মন্ত্রী ভানুলাল সাহা মহাকরণে নিজ অফিস কক্ষে এই সংবাদ দিয়ে জানান, প্রাণী সম্পদ বিকাশ দপ্তরের ১২টি ফার্মের জন্য ১০০ জন ক্যাজুয়েল ওয়ার্কার নিয়োগ করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে আজকের মন্ত্রিসভার বৈঠকে। এক্ষেত্রে তাদেরকে ক্যাজুয়েল ওয়ার্কারদের জন্য নির্ধারিত দৈনিক পারিশ্রমিকের ভিত্তিতে বেতন প্রদান করা হবে। হস্ততাঁত, হস্তকারু ও রেশম শিল্প দপ্তরের নতুন একটি সিল্ক প্রসেসিং ইউনিটে বিভিন্ন ক্যাটাগরিতে ২০ জন লোক নিয়োগ করার জন্য মন্ত্রিসভার বৈঠকে অনুমোদন দেওয়া হয়েছে। অর্থ দপ্তরের অডিট ডাইরেক্টরেট -এ বিভিন্ন পি এস ইউ থেকে ডেপুটেশনে ১৫ জন অস্থায়ীভাবে কাজ করছিলেন, তাদেরকে দপ্তরে স্থায়ী নিযুক্তিকরণের সিদ্ধান্তও মন্ত্রিসভার বৈঠকে নেওয়া হয়েছে। কৃষি দপ্তরে বিভিন্ন ক্যাটাগরির ১৫ জন এডহক জুনিয়র ইঞ্জিনিয়ারকে নিয়মিতকরণের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। স্মার্ট সিটি প্রকল্পে বিভিন্ন স্তরের কর্মীর ১০টি শূন্যপদ সৃষ্টির অনুমোদন দেওয়া হয়েছে মন্ত্রিসভার বৈঠকে। পাঁচ বছরের জন্য এই প্রকল্পের সৃষ্ট শূন্যপদগুলি বিভিন্ন দপ্তর থেকে ডেপুটেশনের ভিত্তিতে পূরণ করা হবে। শিল্প ও বাণিজ্য দপ্তরের বোধজংনগরের ফুড টেস্টিং ল্যাবরেটরির কাজকর্ম পরিচালনার জন্য বিভিন্ন পদে ৭টি শূন্যপদ পূরণের অনুমোদন দেওয়া হয়েছে। সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরে ২টি স্পীচ এডুকেটর পদ পুনঃসৃষ্টি করা হয়েছে এবং নিয়োগের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এছাড়াও তিনি জানান, উত্তর ত্রিপুরা ও দক্ষিণ ত্রিপুরা জেলায় লিগ্যাল সার্ভিসে ২ জন ডিস্ট্রিক্ট সেক্টোরির অনুমোদন দেওয়া হয়েছে আজকের মন্ত্রিসভার বৈঠকে।
